

০৯ AUG 1997  
 কাবিখ ... ..  
 পৃষ্ঠা ১১ কলাম ২

# দৈনিক ইত্তেফাক



কেন্দ্রীয় খেলাঘর আসর গতকাল নগরীতে শান্তি মিছিল বাহির করে -ইত্তেফাক

## শিক্ষা কাঠামো হইতে সাম্প্রদায়িকতার উপাদান নিষিদ্ধ করুন

কেন্দ্রীয় খেলাঘর

ইত্তেফাক রিপোর্ট ॥ কেন্দ্রীয় খেলাঘর গতকাল শুক্রবার সাম্প্রদায়িকতা ও মৌলবাদ বিরোধী শিশু (২য় পৃ: ৩-এর ক: ড:)

## শিক্ষা কাঠামো (শেষ পৃ: পর)

সমাবেশ ও শোভাযাত্রার প্রাক্কালে সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত শিখা চিরস্তনের পাশে দাঁড়াইয়া মুক্তিযুদ্ধের ৩০ লক্ষ শহীদের নামে স্বাধীনতার অর্জনসমূহ স্মরণ এবং স্বাধীনতা সার্বভৌমত্ব বিরোধী সাম্প্রদায়িক মৌলবাদী গোষ্ঠির যেকোন ষড়যন্ত্র প্রতিহত করার শপথ গ্রহণ। শপথ বাণী পাঠ করান জাতীয় সমন্বয় কমিটির সভাপতি সচিব প্রফেসর আবদুল মান্নান চৌধুরী। পরে শোভাযাত্রা সহকারে জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশে খেলাঘরের সাথী আয়েশা আখতার পঠিত ঘোষণায় বলা হয়, স্বাধীনতা বিরোধী বুদ্ধিজীবী হত্যাকারী সাম্প্রদায়িক মৌলবাদী গোষ্ঠি আজ আবার ষড়যন্ত্রে লিপ্ত হইয়াছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার পর হইতে মৌলবাদী ও তাহাদের সহযোগীরা আজ স্বাধীনতার স্মারক শিখা অনির্বাণ ও শিখা চিরস্তনের ভুল ব্যাখ্যা দিতেছে, প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদকে অপমান করিতেছে, বরণ্য ব্যক্তিদের মুরতাদ বলার ধৃষ্টতা দেখাইতেছে। এই অপশক্তির বিরুদ্ধে খেলাঘর রুখিয়া দাঁড়াইবে। ঘোষণায় একবিংশ শতকের উপযোগী বিজ্ঞান সম্মতভাবে শিশুদের গড়িয়া তোলার, একান্তরের ঘাতক-দালাল যুদ্ধাপরাধীদের বিচার এবং শিক্ষা কাঠামো ও সমাজ জীবন হইতে সাম্প্রদায়িক ও মৌলবাদী চেতনার সকল উপাদান নিষিদ্ধ করার জন্য সরকারে কাছে দাবী জানানো হয়। খেলাঘরের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক ডাকস্থ ভিপি মাহফুজা খানমের সভাপতিত্বে সমাবেশে অন্যান্যদের মধ্যে বক্তৃতা করেন সৈয়দ হাসান ইমাম, লায়লা হাসান, অমল নাথ ও আবদুল আজিজ।

757677	7879